গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলার নভেম্বর/ ২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ফাহমি মো. সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ০৮/১১/২০২১ খ্রি:।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর ৬.৩ অনুচ্ছেদে এ শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে আনসার সদস্যদের ২৬ টা টহলটিম রাজবাড়ী সদর উপজেলায় কর্মরত থাকবে লেখ হয়েছিল। উক্ত ২৬ এর স্থলে ১৩ টি টহল টিম কাজ করবে সংশোধন করা হলো। আর কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সেপ্টেম্বর/২০২১ ও অক্টোবর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা :** সেপ্টেম্বর/২০২১ ও অক্টোবর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানী	চুরি	বিশেষ ক্ষমতা	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার মামলা	মাদক মামলা	বিস্ফোরক মামলা	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
অক্টোবর/ ২০২১	-	-	-	৫	-	-	১	৮	-	১৭	-	-	১০	৪১	
সেপ্টেম্বর/ ২০২১	-	-	-	৫	-	-	-	৫	-	১৩	-	-	১৩	৩৬	
	-	-	-	স্থিতিশীল	-	-	হ্রাস	বৃদ্ধি	-	বৃদ্ধি	-	-	হ্রাস	বৃদ্ধি	

বর্ণিত তুলনামূলক অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায়, সেপ্টেম্বর/২০২১ মাসে চুরি- ০৫ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৫ টি, মাদক অপরাধ-১৩ টি ও. অন্যান্য-১৩ টি সহ মোট ৩৬ টি ও অক্টোবর/২০২১ মাসে চুরি ০৫ টি, জুয়া আইনে মামলা-০১ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৮ টি, মাদক অপরাধ-১৭ টি ও অন্যান্য-১০ টি সহ মোট ৪১ টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা সেপ্টেম্বর/২০২১ মাসের তুলনায় অক্টোবর/২০২১ মাসে অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. **জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা :** সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী ও সভাপতি, ইমাম কমিটি, রাজবাড়ী এবং উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা, জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানানো হয়। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন,রাজবাড়ী,সভাপতি, ইমাম কমিটি,রাজবাড়ী এবং রাজবাড়ী সদর উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান।

০৫. **মাদক বিরোধী অভিযান** : জনাব শির্শেন্দ্র সাহা ,উপ-পরিদর্শক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান জোরদার করা হয়েছে। রাজবাড়ীতে ৮০ টি অভিযান পরিচালিত হয়েছে। ২৬ টি মামলা করা হয়েছে। অভিযান থেকে ৪ গ্রাম হেরোইন, ১ কেজি ৩০০ গ্রাম গাজা, চোলাইমদ ৫০০ মি.লি. উদ্ধার করা হয়েছে। মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হবে মর্মে উল্লেখ করেন।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করা হয় এমন স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‍্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে লাগাতার অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৬. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, গত সভার সিদ্ধান্ত মোতাবেক সড়ক ও জনপথ বিভাগের পক্ষ থেকে ঢাকা কুষ্টিয়া মহাসড়কের মুরগীর ফার্ম এলাকার রাস্তা মেরামত করা হয়েছে। রাজবাড়ী সদরের ১০২ টি মন্দিরের পূঁজা সুন্দরভাবে উৎযপিত হওয়ায় এবং কোথাও কোন অপ্রীতিকর ঘটনা না ঘটায় তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অত:পর, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব কুসুম কুমার রায়, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, দেশের অন্যান্য জেলায় হিন্দু সম্প্রদায়ের সাথে অপ্রীতিকর ঘটনা ঘটার কারণে তারা রাজবাড়ী সদরের প্রতিটি গ্রামের আনসার সদস্যদের সজাগ থাকার নির্দেশনা প্রদান করেছেন এবং কোথাও কোন অপ্রীতিকর ঘটনার আঁচ করতে পারলে সাথে সাথে জানানোর কথা বলা হয়েছে। তিনি প্রতিটি পূঁজা মন্দিরে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের ধন্যবাদ জানান। আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রশিক্ষিত আনসার সদস্যরা প্রস্তুত আছে। নির্দেশনা মোতাবেক ডিউটি প্রদান করা হবে।	- -	-
	জনাব মোস্তফা কামাল, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, ৪-২৫১ অক্টোবর/২০২মা ইলিশ সংরক্ষণ অভিযান সফলভাবে সম্পন্ন হয়েছে। গত ১ নভেম্বর/২০২১ থেকে ৩০জুন/২০২২ সময় পর্যন্ত জাটকা ইলিশ সংরক্ষণ এর সময় নির্ধারণ করা হয়েছে।এ সময় ২৫ সে: মি: এর নিচে ইলিশ মাস আহরণ, পরিবহন, মজুদ, ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করা হয়েছে। নদীর পাশাপাশি বিভিন্ন বাজার মনিটরিং অব্যহত থাকবে। তিনি এ বিষয়ে জেলেদের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান।	জাটকা বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তথ্য দিয়ে সহযোগিতা করবেন।	উপজেলা প্রশাসন ও উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর।
	জনাব মো: আতিয়ার রহমান, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ডা: আবুল হোসেন কলেজ সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, প্রথমে শ্রদ্ধা জানাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি। নভেম্বর মাস জেল হত্যা দিবসে তিনি চার শহীদের প্রতিও শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, বর্তমানে আমরা ৪.৩০ পর্যন্ত সময় কলেজে অবস্থান করি। তার পরে ক্যাম্পাস ফাঁকা থাকে। তখন মাদক সেবীরা সেখানে রাত পর্যন্ত মাদক ব্যবহার করেন। তিনি সন্ধ্যার পর সেখানে পুলিশি টহলের অনুরোধ জানান এবং আগামী ১৩/১১/২০২১ খ্রি: থেকে অনার্স ১ম বর্ষের পরীক্ষা ও ২/১২/২০২১খ্রি: থেকে এস,এসসি পরীক্ষা শুরু হবে। তিনি এ সময়ে আইন শৃঙ্খলা বাহিনীকে টহলের জন্য অনুরোধ করেন।	রাতে মাঝে মাঝে ডা: আবুল হোসেন কলেজ ক্যাম্পাসে পুলিশি টহলের ব্যবস্থা করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.২	জনাব শেখ গোলাম মোস্তফা বাচ্চু, চেয়ারম্যান, বানীবহ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। বানীবহ ইউনিয়নের মোড়ঘর এলাকায় ৩-৪ দিন ধরে নামযজ্ঞ অনুষ্ঠান হচ্ছে। তিনি সেখানে গ্রাম পুলিশ পাঠিয়েছিলেন। আজ নামযজ্ঞ অনুষ্ঠান শেষ হবে। তার ইউনিয়নে গোপনে রেজিষ্ট্রেশন বিহীন বাল্য বিবাহ হচ্ছে এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি অনুরোধ জানান। সামনে ইউপি নির্বাচন,এ উপলক্ষ্যে মাঠ সরগরম হয়ে উঠেছে। কোন কোন প্রার্থীর সমর্থকরা মোটর সাইকেল সোডাউন দিচ্ছে। ইউনিয়ন পরিষদের আয়ের উৎস হচ্ছে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স থেকে প্রদত্ত আয় কিন্তু বেশির ভাগ ব্যবসায়ীরা ট্রেড লাইসেন্স নেননা বা নবায়ন করেন না তিনি মোবাইল কোর্টের মাধ্যমে বিষয়টি দেখার জন্য এ সভার মাধ্যমে অনুরোধ জানান। তিনি ঢাকা–	ট্রেড লাইসেন্স এর বিষয়ে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা নিতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী।

	কুষ্টিয়া মহাসড়কের মুরগীর ফার্ম মোড়ের রাস্তার কাজ মেরামতের ব্যবস্থা নেওয়ার জন্য সভাপতিকে সকলের পক্ষথেকে ধন্যবাদ জানান।		
৬.৪	জনাব রেজাউল করিম (লাল) চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তবে বর্তমান সময়ে উঠতি বয়সী যুবকেরা বেপরোয়াভাবে মোটরসাইকেল চালায়, তাদের হেলমেট থাকে না বা গাড়ীর নম্বর ও থাকে না ফলে বিভিন্ন ধরণের দূর্ঘটনা ঘটে তিনি এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।	হেলমেট বিহীন,নম্বর বিহীন ও বেপরোয়া গতির মোটরসাইকেল এর বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৫	জনাব শেখ মনিরুজ্জামান ,চেয়ারম্যান, বরাট ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বরাটে অন্তারমোড়, ছোটভাকলা এলাকায় মাদকের ক্রয়-বিক্রয় হয়। কার্তিক মাসে বরাটে ২-৩ ব্যাপী কার্তিয়ানীপূঁজা অনুষ্ঠিত হয়। তিনি এ সময়ে আইন শৃঙ্খলা বাহিনীকে উক্ত পূজা অনুষ্ঠানে টহলের অনুরোধ জানান। তিনি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ ও সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করেন। জনগণ যেন তাদের মতামত নিদ্বিধায় প্রদান করতে পারে সেই শুভকামনা ব্যক্ত করেন।	কার্তিয়ানী পূঁজায় পুলিশ বিভাগ টহলের ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৬	বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বর্তমান উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলা সুন্দরভাবে পরিচালিত হচ্ছিল। মাদক পুরোপুরি নির্মূল সম্ভব নয়। সামনে ইউনিয়ন পরিষদ নির্বাচন। যে ইউনিয়নে যে যে চেয়ারম্যান প্রার্থী হবেন তাদের যে কোন সমস্যা দেখা দিলে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন চার্জ রাজবাড়ী সদরকে জানানোর অনুরোধ করেন। তিনি উঠতি বয়সী যুবকেরা বেপরোয়াভাবে মোটরসাইকেল চালায়, তাদের হেলমেট থাকে না বা গাড়ীর নম্বর ও থাকে না ফলে বিভিন্ন ধরণের দূর্ঘটনা ঘটে এ সকল বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীকে ব্যবস্থা নিতে অনুরোধ করেন।	হেলমেট বিহীন বা নম্বর বিহীন গাড়ীর বিষয়ে ও বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৭	বীর মুক্তিযোদ্ধা জনাব এস,এম নওয়াব আলী ও সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর বলেন, রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল। তিনি আরো বলেন, উপজেলা নির্বাহী অফিসারের সঠিক দিক নির্দেশনার ফলে রাজবাড়ী সদরে কোন দূর্ঘটনা ঘটে নাই। তিনি আগামী ইউপি নির্বাচনে কঠোরভাবে শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য অনুরোধ জানান। প্রার্থী যে দলেরই হোক সবাই যেন সমান অধিকার পায় এবং জনগণ যেন নির্বিঘ্নে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারে এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ করেন।	নির্বাচনে শান্তি শৃঙ্খলা র বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৯	জনাব রাকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের আইনশৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি বর্তমান উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন সৌদিআরবে ২য় সচিব পদে বদলী/ পদায়ন হওয়ায় সকলের পক্ষ থেকে অভিনন্দন জানান এছাড়া উপজেলা নির্বাহী অফিসার হিসাবে সততা, নিষ্ঠা ও কর্মদক্ষতা দিয়ে তিনি যেভাবে সদরে কাজ করে সকলের শ্রদ্ধাভাজন হয়েছেন বিদেশের মাটিতেও তিনি দেশের ভাবমূর্তিকে উজ্জল করবেন এই আশাবাদ ব্যক্ত করেন। তিনি কয়েক দিনের মধ্যে চতুর্থ ধাপে ইউনিয়ন পরিষদ নির্বচনে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষভাবে দায়িত্ব পালনের জন্য আইনশৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান। তিনি উঠতি বয়সী যুবকদের বেপরোয়া গাড়ী ও মাদকের বিষয়েও ব্যবস্থা নিতে আইন শৃঙ্খলা বাহিনীর প্রতি অনুরোধ করেন।	ইউনিয়ন পরিষদ নির্বচনে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর ও ২। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও

৭. জনাব ইফতেখারুল আলম প্রধান, উপ-পরিদর্শক, অফিসার ইনচার্জ (তদন্ত) , রাজবাড়ী থানা সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, পাঁচুরিয়া ইউনিয়কে মাদকমুক্ত করার ঘোষনায় আমরা অনেক অভিযান পরিচালনা করেছি ফলে মাদক অনেকটা কমেছে। মাদক নির্মূল পুলিশ দিয়ে সম্ভব নয় এটা পরিবার থেকেই করা সম্ভব। মা ইলিশ সংরক্ষণ অভিযান সকলের সহযোগিতায় সফলভাবে সম্পন্ন হয়েছে। জাটকা নিয়ন্ত্রনের বিষয়ে তিনি মৎস্য নিয়ন্ত্রন অধিদপ্তরকে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। টিনএজ দের বেপরোয়া মোটরসাইকেল চালানোর বিষয়ে বলেন যে, গত মাসে মোটরযান আইনে শুধুমাত্র রাজবাড়ী থানাতেই ৮৬ টি মামলা করা হয়েছে। ডা: আবুল হোসেন কলেজে মাদকসেবীদের বিষয়ে ব্যবস্হা নেওয়া হবে মর্মে আশ্বাস দেন। সামনে ইউনিয়ন পরিষদ নির্বাচন কে কেন্দ্র করে কেউ সহিংসতা সৃষ্টি করলে কাউকেও ছাড় দেওয়া হবে না। তবে